# আ.লীগের সঙ্গে গোপন আঁতাত করে বিএনপি বিজয়ী হয়েছে: এনসিপি



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

নির্বাচনে জয়ের পেছনে আওয়ামী লীগের সঙ্গে গোপন সমঝোতার অভিযোগ করেছেন এনসিপি মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন, দেড় বছর বন্ধ থাকা পার্টি অফিস বিএনপির নেতাকর্মীদের মাধ্যমে পুনরায় চালু হচ্ছে, যা এই সমঝোতার ইঙ্গিত দেয়।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) রাতে দলের অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে নির্বাচনি ফলাফল পর্যালোচনা এবং দলীয় অবস্থান নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, “স্থানীয় পর্যায়ে আওয়ামী লীগের রাজনীতিতে ফেরানোর প্রতিশ্রুতি দিয়ে তারা নির্বাচনে জয় পেতে চেষ্টা করেছেন। দেশের আইন অনুসারে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ, তাই যারা অফিস খুলেছেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া উচিত।”

তিনি আরও অভিযোগ করেন, “অনেক আসনে ভোট ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে আমাদের হারানো হয়েছে। জুলাই সনদের বাস্তবায়ন নিয়ে আমরা শঙ্কিত। টু থার্ড মেজরিটি দিয়ে সংবিধানের যথেচ্ছ পরিবর্তনের পরিকল্পনা রয়েছে—এটি আজ আমরা প্রকাশ করছি। আশা করি আগামী পাঁচ বছরে এর প্রভাব ধীরে ধীরে দেখা যাবে।”